



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web: www.dinajpureducationboard.gov.bd, email : dinajpureducationboard@gmail.com



স্মারক নং- মাউশিবোর্ডি/কলেজ/অনু:/২০২১/৩৯১২

তারিখ: ০৪/১১/২০২১ খ্রি.

বিষয় : গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলাধীন “চন্দিয়া প্রিন্সিপাল পাড়া আইডিয়াল মহাবিদ্যালয়” স্থাপনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭০.৭১.০০১.২০(অংশ-২)-১২; তারিখ : ১৭/০১/২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর নিম্নোক্ত শর্ত সাপেক্ষে গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলাধীন “চন্দিয়া প্রিন্সিপাল পাড়া আইডিয়াল মহাবিদ্যালয়” স্থাপনের অনুমতি প্রদান করেছেন। এ অনুমতি কোনক্রমেই উচ্চ মাধ্যমিক শ্রেণীতে পাঠদানের অনুমতি বলে গণ্য করা যাবে না।

### শর্ত সমূহ :

- ১। পাঠদানের অনুমতি চাওয়ার পূর্বেই অধ্যক্ষসহ প্রয়োজনীয় প্রশাসনিক জনবল নিয়োগ, জমি ক্রয় এবং অবকাঠামো নির্মাণসহ অন্যান্য শিক্ষা উপকরণ সংগ্রহণ/তৈরী করতে হবে;
- ২। ব্যক্তি নামে কলেজ নামকরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার এবং অধ্যক্ষের যৌথ স্বাক্ষরে ১৫,০০,০০০ (পনের লক্ষ টাকা মাত্র) ব্যাংকে জমা প্রদান করতে হবে;
- ৩। কলেজ প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- ৪। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে এবং
- ৫। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ

(প্রফেসর মোঃ ফারাজ উদ্দিন তালুকদার)  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
দিনাজপুর।

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ

চন্দিয়া প্রিন্সিপাল পাড়া আইডিয়াল মহাবিদ্যালয় (স্থাপনের অনুমতি প্রাপ্ত)  
ডাকঘর : ভবানীগঞ্জ, উপজেলা : ফুলছড়ি,  
জেলা : গাইবান্ধা।


স্মারক নং- মাউশিবোর্ডি/কলেজ/অনু:/২০২১/৩৯১২

তারিখ: ০৪/১১/২০২১ খ্রি.


অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫।
- ৪। জেলা প্রশাসক, গাইবান্ধা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।
- ৭। ওয়েব সাইট কপি।
- ৮। অফিস কপি।

চেয়ারম্যানের আদেশক্রমে

  
০৪/১১/২০২১  
(প্রফেসর মোঃ ফারাজ উদ্দিন তালুকদার)  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
দিনাজপুর।

  
০৪/১১/২০২১

জরুরী ভিত্তিতে ইন্টারনেট ওয়েব সাইট খুলুন এবং প্রতিদিন অত্র বোর্ডের ওয়েব সাইট দেখুন।